২৯ নং

তাল--একতালা রাগিনী--মঙ্গলবিভাস

করুণা রূপিনী, গোপাল ঘরণী, কাঞ্চন বরণী কাঞ্চন মাতা।
জগত জননী, ক্ষীরোদ নন্দিনী, কমল বাসিনী
ত্রিলোক পূজিতা ।।

১। যুগল রূপেতে আসিয়াছ দোঁহে, দীন হীন এই
নমঃশূদ্র গৃহে,
গোপাল-কাঞ্চন, অভেদ মিলন, দেখরে নয়ন, রূপের সমতা ।।

২। (মায়ের) চরণে দেখেছি শত শতদল,
বরাভয় হাতে শান্তি ঢল ঢল,
করুণা মাখান আঁখি ছল ছল চারুর চন্দ্রাননে
মধুমাখা কথা ।।

৩। (মাগো) মানবী রূপেতে করেছিলে স্নেহ,
অভাগা আমরা বুঝি নাই কেহ,
দুর্ম্মতি সাগরে ডুবি অহরহ, জননীরে, হায় দি'ছি
কত ব্যথা ।।

৪। তুমি বিনে মাগো সব নিরানন্দ, শাখে কাঁদে পাখী
ফুল নাহি গন্ধ,
চরণ স্মরিয়া কাঁদে মহানন্দ, দুখঃভারে তার
ফোটে না'ক কথা ।।

---মহানন্দ হালদার

৩০ নং

তাল--কাওয়ালী রাগিনী--ভাটিয়ালী

দয়াল গোপালচাঁদরে, তোমায় কি ভোলা যায় ?
তুমি শিখাইলে হরি বল্‌তে, পদধূলি দিতে মাথায় ।।